চাহিদা অনুযায়ী তদন্তপূর্বক প্রতিবেদন দিন।
USEO
০৪.০৪.২৬.

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এঁর গোপনীয় শাখা	
প্রাপ্তি নং-	তারিখ: ০৬/০৪/২৬
শিক্ষা শাখা	
আইসিটি শাখা	
এপিএ সেল	
সিএ	অ.অ.প্র (শিক্ষা ও আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ..০৩.০৪.০০০০.০০০০.০৮১.১৪.০০০১.২৬.২৭

তারিখ .....১৮ চৈত্র ১৪৩২.....
১ এপ্রিল ২০২৬

বিষয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে জন্য প্রস্তাব আহ্বান।

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাব/চাহিদা নিম্নলিখিত ছক অনুযায়ী আগামী ১৬/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

জেলা	উপজেলা	গরীব ও অসহায় পরিবারের জন্য বসতঘরের চাহিদা (সংখ্যা)	গরীব শিক্ষার্থীদের জন্য বাইসাইকেলের চাহিদা (সংখ্যা)	প্রশিক্ষণপ্রাপ্ত গরীব নারীদের জন্য সেলাই মেশিনের চাহিদা (সংখ্যা)	গরীব শিক্ষার্থীদের জন্য শিক্ষা বৃত্তি ছাত্র-ছাত্রীর সংখ্যা			উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত মোট জনসংখ্যা (হালনাগাদ)	মন্তব্য
					১ম-৫ম শ্রেণি	৬ষ্ঠ-১০ম শ্রেণি	১১শ-১২শ শ্রেণি		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

১. প্রস্তাবে অর্থের পরিমাণ উল্লেখের প্রয়োজন নেই;

২. উপকারভোগীর চাহিদা প্রেরণের ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর গরীব, দুঃস্থ, অসহায় ব্যক্তি/বিধবা, স্বামী পরিত্যক্তা, এতিম বাস্তুভিটাহীন পরিবারকে অগ্রাধিকার দিতে হবে। এ সংক্রান্ত **'পার্বত্য চট্টগ্রাম ব্যতীত দেশের অন্যান্য এলাকায় বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রদত্ত উন্নয়ন সহায়তা বরাদ্দের অর্থে প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কিত নীতিমালা ২০১২'** অনুসরণ করতে হবে;

৩. জেলা প্রশাসকগণ উপজেলা থেকে ছক মোতাবেক প্রাপ্ত চাহিদা সংগ্রহপূর্বক জেলার সমন্বিত প্রস্তাব/চাহিদা ১৬/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবেন;

৪. বরাদ্দপ্রাপ্তির পর দ্রুত সময়ের মধ্যে উপকারভোগীদের জন্য বসতঘর নির্মাণ, বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ এবং শিক্ষা বৃত্তি প্রদানের জন্য একটি অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক উপজেলা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির অনুমোদন গ্রহণপূর্বক উপজেলা পর্যায়ে সংরক্ষণ করতে হবে।

০১/০৪/২০২৬

(সায়মা আক্তার)
পরিচালক-১৪
ফোনঃ ৫৫০২৯৪৩৪
ই-মেইলঃ dir14@pmo.gov.bd

জেলা প্রশাসক
(পার্বত্য চট্টগ্রামের ০৩ (তিন) টি জেলা ব্যতীত সকল জেলা)

অনুলিপি:

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/ময়মনসিংহ/বরিশাল;
২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩। অফিস কপি।

জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ	
ডিডিএলজি	পেশ করুন
অঃজেঃপ্রঃ(সার্বিক)	আলাপ করুন
অঃজেঃপ্রঃ(রাজস্ব)	দেখলাম